

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৪৮৭
সোনামুড়া, ১ নভেম্বর, ২০২৩

**মুখ্যমন্ত্রী মৎস্য বিকাশ যোজনা
বক্সনগর ব্লকে মৎস্যচাষে সহায়তা**

মুখ্যমন্ত্রী মৎস্য বিকাশ যোজনায় চলতি অর্থবছরে বক্সনগর ব্লকের ৭৬ জন মৎস্যচাষীকে মৎস্যচাষে সহায়তা দেওয়া হয়েছে। সুবিধাভোগী মৎস্যচাষীদের মাছের পোনা ও মাছের খাদ্য দেওয়া হয়েছে। তাছাড়া মুখ্যমন্ত্রী স্বনির্ভর যোজনায় ব্লকের ১ হাজার ৫৬ জন মৎস্যচাষীকেও মৎস্যচাষে সহায়তা দেওয়া হয়েছে। এই যোজনায় সুবিধাভোগী পরিবারগুলিকে মাছের পোনা ও মাছচাষের সহায়ক সামগ্রী দেওয়া হয়েছে। বক্সনগর মৎস্য তত্ত্বাবধায়কের কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।
